



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

সোনালী ব্যাংক পিএলসি এর সপ্তদশ বার্ষিক সাধারণ সভার নোটিস;
তারিখ: ২৯.০৫.২০২৪; রোজ: বুধবার; সময়: সকাল ১১:০০ ঘটিকা।

এই মর্মে নোটিস দেওয়া যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি এর সপ্তদশ বার্ষিক সাধারণ সভা (17th Annual General Meeting) ২৯ মে ২০২৪ রোজ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত বার্ষিক সাধারণ সভার আলোচ্য বিষয়সমূহ নিম্নরূপ:

-: আলোচ্যসূচি :-

- ক. বিগত ২৬ জুন ২০২৩-এ অনুষ্ঠিত সোনালী ব্যাংক পিএলসি এর ষোড়শ বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;
- খ. পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষকের প্রতিবেদনসহ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের স্থিতিপত্র এবং লাভ-ক্ষতির হিসাব গ্রহণ, বিবেচনা ও অনুমোদন;
- গ. ৩১ ডিসেম্বর ২০২৩ সমাপ্ত বছরের লভ্যাংশ ঘোষণা;
- ঘ. ব্যাংকের পরবর্তী বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়া পর্যন্ত নিরীক্ষক নিয়োগ এবং তাদের পারিশ্রমিক নির্ধারণ;
- ঙ. পরিচালকমন্ডলীর অবসর গ্রহণ ও পুনর্নির্বাচন; এবং
- চ. সভার সভাপতির অনুমোদনক্রমে অন্য যে কোনো বিষয়।

ব্যাংকের সম্মানিত শেয়ারহোল্ডারগণকে উক্ত সভায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

পরিচালনা পর্ষদের আদেশক্রমে
মুহঃ মুস্তাফিজুর রহমান
কোম্পানি সেক্রেটারি (অতিরিক্ত দায়িত্ব)